গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
Gazipur Palli Bidyut Samity-1
ISO 9001:2015 Certified

সিনিয়র জেনারেল ম্যানেজার এর কার্যালয়
সদর দপ্তর; চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮, E-Mail: gazipbs@yahoo.com
Web Address: www.pbs1.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২২. 8882

তারিখঃ ২৪ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

# "উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি"

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নেবর্ণিত বর্ণনানুযায়ী মালামাল ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/ঠিকাদারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্রয়তব্য মালামালের বিবরণ | দরপত্র জামানতের পরিমাণ (টাকা)- (ফেরৎযোগ্য) | দরপত্র দলিলের মূল্য (টাকা)- (অফেরৎযোগ্য) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| জি-২২-২৩-০২ | প্রিন্টিং মালামাল | =১৮,৭০০/- | =১,০০০/- | ১১/০৯/২০২২ খ্রিঃ রোজ রবিবার হতে ২১/০৯/২০২২ খ্রিঃ রোজ বুধবার বেলা ০৩:০০ ঘটিকা পর্যন্ত। | ২২/০৯/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত। | ২২/০৯/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১১:০৫ ঘটিকা। |
| জি-২২-২৩-০৩ | স্টেশনারি মালামাল | =১৮,৪০০/- | =১,০০০/- | | | |
| জি-২২-২৩-০৪ | ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল | =৩০,৫০০/- | =১,০০০/- | | | |
| জি-২২-২৩-০৫ | কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ | =৫১,২০০/- | =১,০০০/- | | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে 'গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর' হতে বর্ণিত দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করতে ও দরপত্র দলিল দেখতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ 'গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১' এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীল ব্যাংক হতে উপরে বর্ণিত ছকের কলাম-৪ এ উল্লিখিত পরিমাণ টাকার অফেরতযোগ্য MICR যুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ 'গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১' এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে-
(ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, চান্দনা, গাজীপুর; এবং
(খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩। আগ্রহী দরদাতাগণ আগামী ২২/০৯/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকার মধ্যে বর্ণিত বিষয়ে সীলমোহরকৃত দরপত্র সরাসরি-
(ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, চান্দনা, গাজীপুর; এবং
(খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় পৌছাতে হবে। ডাক/কুরিয়ার যোগে এবং নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত সকল দরপত্র কলাম-৭ এ বর্ণিত সময়সূচী ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। প্রতিটি দরপত্রের সাথে উপরে বর্ণিত ছকের কলাম-৩ এ উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ টাকার 'দরপত্র জামানত' বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে MICR যুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সংযুক্ত করতে হবে।

০৫। প্রতিটি দরপত্রের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদপত্র, আয়কর প্রত্যায়ন সনদপত্র এবং ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

G:\AGM (Admin.)\01-038 (OTM Notice-Full).docx

০৬। বর্ণিত দরপত্র সম্পর্কে কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে 'সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, চান্দনা, গাজীপুর' বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

০৭। বর্ণিত দরপত্র সংশ্লিষ্ট সমুদয় মালামাল কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরবরাহ করতে হবে।

০৮। অত্র পবিস কর্তৃক কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে বর্ণিত মালামালের পরিমাণে কম/বেশী হতে পারে।

০৯। সন্তোষজনকভাবে বর্ণিত মালামাল সরবরাহের পর চালানপত্র ও বিল দাখিল স্বাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে 'গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১' কর্তৃক সরাসরি বিল পরিশোধ করা হবে।

১০। 'গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১' কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করবেন।

১১। উল্লিখিত শর্তবর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে 'গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১' কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌশলী যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ এর কার্যালয়, গাজীপুর।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাজীপুর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা। (বাপবিবো'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, গাজীপুর।
০৭। এজিএম (আইটি), গাজীপুর পবিস-১। (গাজীপুর পবিস-১ এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
০৮। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌশলী যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার